



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দপ্তর

www.iau.edu.bd

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০২২/০৪৬৭৬

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

রাজ্জুনীয়া আলমশাহপাড়া কামিল মাদ্রাসা, ডাকঘর: আলমশাহপাড়া মাদ্রাসা, উপজেলা: রাজ্জুনীয়া, জেলা: চট্টগ্রাম (মাদ্রাসা কোড: ১৭৫৯২, EINN: 104831) এর ফাজিল স্নাতক (অনার্স) আরবি ভাষা ও সাহিত্য বিষয়ে অধিভুক্তির লক্ষ্যে অধ্যক্ষের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) ক অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ০৪.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১২তম সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ০৬.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ১৯তম সভার সুপারিশ এবং ১০.০২.২০২৫ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৫তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদ্রাসার ফাজিল স্নাতক (অনার্স) আরবি ভাষা ও সাহিত্য বিষয়ে অধিভুক্ত না করে নিম্নোক্ত শর্তে ০২ (দুই) শিক্ষাবর্ষের জন্য প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ বৃদ্ধি করা হলো।

শর্তসমূহ:

১. এ আদেশ অধিভুক্তি সভার তারিখ অর্থাৎ ০৪.০২.২০২৫ খ্রি. থেকে কার্যকর হবে;
২. সংবিধি মোতাবেক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও কাম্য ফলাফল অর্জন করতে হবে;
৩. শ্রেণিকক্ষে মূল কিতাবের মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে;
৪. সরকারি ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক প্রতিষ্ঠানের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে;
৫. নিয়মিত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ভিজিট করতে হবে;
৬. অফিস সহকারীসহ পর্যায়ক্রমে শিক্ষক ও কর্মকর্তাকে প্রশিক্ষণ এবং গবেষণা কার্যক্রমে উৎসাহ প্রদানে প্রতিষ্ঠানকে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে;
৭. মাদ্রাসার একাডেমিক, প্রশাসনিক ও আর্থিক কার্যক্রম বিধি মোতাবেক অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
৮. শিক্ষার মানোন্নয়ন, কাঙ্ক্ষিত শিক্ষার্থী ভর্তি, আর্থিক সক্ষমতা অর্জন ও সর্বক্ষেত্রে অধিকতর জবাবদিহিতার লক্ষ্যে শিক্ষক, অভিভাবক ও শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে মাদ্রাসা পরিচালনা পরিষদ বছরে অন্তত ০২ (দুই)টি সভা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবে;
৯. মাদ্রাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদ্রাসার নাম এবং “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
১০. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে



(মোঃ আইউব হোসেন)

রেজিস্ট্রার

ও

মাদ্রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭০৫ ৪০৮০০১

iauregistr@gmail.com

অধ্যক্ষ

রাজ্জুনীয়া আলমশাহপাড়া কামিল মাদ্রাসা

ডাকঘর: আলমশাহপাড়া মাদ্রাসা, উপজেলা: রাজ্জুনীয়া,


জেলা: চট্টগ্রাম।

স্মারক নং:- ইআবি/পরি/অনার্স-অধিভুক্তি/২০২২/০৪৬৭৬ (৬)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস, নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৪. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫. সভাপতি, রাজ্জুনীয়া আলমশাহপাড়া কামিল মাদ্রাসা, রাজ্জুনীয়া, জেলা: চট্টগ্রাম।
৬. অফিস নথি।



(মোঃ জাহান উদ্দিন)

সহকারী মাদ্রাসা পরিদর্শক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর: ০১৭২৪ ৮০৮৫২৪